# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ১০১৯

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২০. দ্বিতীয় অনুচ্ছেদ - সাহু সিজদা্

### আরবী

عَنْ عِمْرَانَ بْنِ حُصَيْنٍ: أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ صَلَّى بهم فَسَهَا فَسجدَ سَجْدَتَيْنِ ثُمَّ تَشَهَّدَ ثُمَّ سَلَّمَ. رَوَاهُ التِّرْمِذِيُّ وَقَالَ: هَذَا حَدِيثٌ حَسَنٌ غَرِيبٌ

### বাংলা

১০১৯-[৬] ’ইমরান ইবনু হুসায়ন (রাঃ) থেকে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাদের নিয়ে সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করলেন। সালাতের মাঝে তাঁর ভুল হয়ে গেলো। তিনি দু’টি সিজদা্ (সিজদা/সেজদা) দিলেন। তারপর তিনি আততাহিয়্যাতু পাঠ করলেন এবং সালাম ফিরালেন। (ইমাম তিরমিযী; তিনি বলেছেন, এ হাদীসটি হাসান গরীব)[1]

### ফুটনোট

[1] শায : আত্ তিরমিযী ৩৯৫, ইরওয়া ৪০৩। কারণ সহীহ বর্ণনায় সাহু সাজদার পর তাশাহুদ-এর উল্লেখ নেই।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: ‘অতঃপর দু’টো সিজদা্ (সিজদা/সেজদা) দিয়ে তাশাহহুদ পাঠ করলেন তারপর সালাম ফিরালেন।’ এ থেকে জানা যায় যে, সাহু সিজদা্ (সিজদা/সেজদা) দেয়ার পর তাশাহুদ পাঠ করে সালাম ফিরাবে। এ বিষয়ে ‘আলিমগণের মধ্যে মতভেদ রয়েছে।

১. আনাস (রাঃ), হাসান বসরী ও ‘আত্বা প্রমুখগণের মতে সাহু সিজদা্ (সিজদা/সেজদা)-এর পরে তাশাহুদও পাঠ করতে হবে না সালামও ফিরাতে হবে না।

২. ইবনু সীরীন ও ইবনুল মুনযির-এর মতে তাশাহুদ পাঠ করতে হবে না তবে সালাম ফিরাতে হবে।

৩. ইবনু ‘আবদুল বার ইয়াযীদ ইবনু কুসায়ত হতে বর্ণনা করেছেন যে, তাশাহুদ পাঠ করতে হবে সালাম ফিরাতে হবে না।

৪. ইমাম শাফি‘ঈ ও ইমাম আহমাদ-এর মতে সালাত (সালাত/নামায/নামাজ) শেষে তাশাহুদ পাঠ করার পর সালাম ফিরানোর পূর্বে সাহু সিজদা্ করলে পুনরায় তাশাহুদ পাঠ করতে হবে না। তবে সালাম ফিরাতে হবে।

৫. সালাত শেষে সালাম ফিরানোর পর সাহু সিজদা্ করলে পুনরায় তাশাহুদ পাঠ করতে হবে। এতে চার ইমামের ঐকমত্য রয়েছে। মুবারকপূরী বলেন, আমাদের মতে সঠিক সিদ্ধান্ত হলো সাহু সিজদা্ প্রদানকারী ইচ্ছা করলে তাশাহুদ পাঠ করতে পারে আবার নাও করতে পারে তবে অবশ্যই সালাম ফিরাতে হবে। আল্লাহই অধিক জানেন।

হাদিসের মান: শা'জ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55578

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন